# U.G. 5th Semester Examination - 2021

## BENGALI

### Course Code: BBNGDSHT2 [DSE2]

### Course Title: বাংলা সাহিত্যের ইতিহাসে সমাজ, ধর্ম ও সংস্কৃতি

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'তত্ত্ববোধিনী' পত্রিকা কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়?

খ) প্রসন্নকুমার ঠাকুর কর্তৃক অভিনীত 'উত্তর রামচরিত'-এর অনুবাদক কে ছিলেন?

গ) 'ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়' গ্রন্থটি কে রচনা করেন?

ঘ) 'রঙ্গপুর বার্তাবহ' কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়?

ঙ) 'সংবাদ প্রভাকর' পত্রিকা প্রথম কবে প্রকাশিত হয়?

চ) খ্রিষ্টীয় সপ্তম শতকের প্রথম পাদে কোন্ চৈনিক পরিব্রাজক বাংলাদেশে এসেছিলেন?

ছ) বাংলার পরিধেয় 'ফুলতোলা কাপড়' কী নামে অধিক পরিচিত?

জ) বাংলার নবীন শিল্প পদ্ধতির দুজন স্রষ্টার নাম লেখো।

[পরের পাতায়]

ঝ) মধ্যযুগ ও আধুনিক যুগের অন্তবর্তী ক্রান্তিকাল বলতে আনিসুজ্জামান কোন্ সময়কে বুঝিয়েছেন?

ঞ) হরিশচন্দ্র মুখোপাধ্যায় সম্পাদিত পত্রিকাটির নাম লেখো।

ট) 'মধুমালতী' কাব্যের রচয়িতা কে?

ঠ) 'গুলে বকাওলী' গ্রন্থের রচয়িতার নাম লেখো।

ড) শূন্যপুরাণে কয়টি অধ্যায় আছে?

ঢ) 'বাউল' শব্দটি কোন্ শব্দ থেকে এসেছে?

ণ) 'মাণিকচাঁদের গীত' শীর্ষক পল্লীগাথা কে প্রকাশ করেন?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'ঠাকুরদাদার ঝুলি'তে ক'য়টি রূপকথার গল্প আছে? এই সংকলনের যে কোনো দুটি রূপকথার নাম লেখো।

খ) 'বঙ্গসমাজের পক্ষে মাহেন্দ্রক্ষণ' বলতে শিবনাথ শাস্ত্রী কোন্ সময়কালকে নির্দেশ করেছেন?

গ) 'ভক্তমাল' এবং 'পদুমাবৎ' বই দুটির রচয়িতা কারা?

ঘ) 'বাঙ্গালাসাহিত্য' বলতে সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁর প্রবন্ধে কী বুঝিয়েছেন?

ঙ) গোলাম হোসেন রচিত গদ্য-পদ্য মিশ্রিত পুস্তকটির নাম প্রকাশকালসহ লেখো।

চ) বাঙালি মুসলমান কর্তৃক প্রকাশিত দুটি সাময়িক পত্রের নাম লেখো।

ছ) 'সন্তলীলামৃত' ও 'গোপীচাঁদ নাটক' গ্রন্থ দুটির রচয়িতা কারা?

জ) লালন ফকির ছাড়া দু'জন বিশিষ্ট বাউল সাধকের নাম লেখো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'একসময় বঙ্গদেশে বৌদ্ধধর্মের বিশেষ প্রভাব ছিল' —পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিষয়টি আলোচনা করো।

খ) 'বাঙ্গালীর সংস্কৃতির অনেকটা মহাপুরুষ শ্রীচৈতন্যদেবকেই আশ্রয় করিয়া পুষ্টি লাভ করে।' — ব্যাখ্যা করো।

গ) ভারতচন্দ্রের কাব্যের প্রভাব ফয়জুন্নেসা রায়চৌধুরীর 'রূপজালাল' কাব্যে কতখানি পড়েছে তা লেখো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) বঙ্গে স্ত্রীশিক্ষার সূত্রপাত কীভাবে হল তা শিবনাথ শাস্ত্রী অনুসরণে সংক্ষেপে আলোচনা করো।

খ) 'ভাষা না হইলে nation বা জাতি হয় না; ভাষা সম্বন্ধে সচেতন না হইলে জাতীয়তাবোধও আসে না।' — সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের এই মত কতখানি গ্রহণযোগ্য তা লেখো।

গ) 'মিশ্র ভাষারীতির কাব্য মঙ্গল কাব্য ও লোকগীতির মতো সর্বজনীন হতে পারে নি' — ব্যাখ্যা করো।

———